

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবির সঙ্গে রিসেপ তাইয়েপ এরদোগান বিশ্ববিদ্যালয়ের চুক্তি স্বাক্ষর**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের রিসেপ তাইয়েপ এরদোগান বিশ্ববিদ্যালয়ের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আজ রোববার (০২ ফেব্রুয়ারি ২০২৫) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নোবিপ্রবির পক্ষে এ চুক্তিতে স্বাক্ষর করেন। অন্যদিকে রিসেপ তাইয়েপ এরদোগান বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের ইরাসমাস প্লাস ইনস্টিটিউশনাল কো-অর্ডিনেটর ড. ইয়াছমিন তোতার।

অনুষ্ঠানে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, নোবিপ্রবি এবং রিসেপ তাইয়েপ এরদোগান বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্বাক্ষরিত এ চুক্তি ভবিষ্যতে দুই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা-গবেষণা ও টেকনিক্যাল কোলাবোরেশনের ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হবে। এসময় মাননীয় উপাচার্য চুক্তি সম্পাদনের সঙ্গে যুক্ত সকলের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কোলাবোরেশন ও কো-অপারেশন সেন্টার (আইসিসিসি) অফিসের তত্ত্বাবধানে উপাচার্যের কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যের মাঝে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ), রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী, আইসিসিসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. রোকনুজ্জামান সিদ্দিকীসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪